

স্মারক নং-৩৭.০২.০০০০.১০৭.৯৯.১৪৬.২০২০/৪৬(১২)

বিষয়: জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর জন্মশতবার্ষিকী উদযাপনে গৃহীত কর্মপরিকল্পনার অংশ হিসেবে 'বঙ্গবন্ধু ও আমাদের ভাষা আন্দোলন' শিরোনামে গ্রন্থ প্রকাশ উপলক্ষ্যে লেখা আহবান।

সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর জন্মশতবার্ষিকী উপলক্ষ্যে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের আয়োজনে বর্ষব্যাপী কার্যক্রম পরিচালিত হচ্ছে। এ কার্যক্রমের ধারাবাহিকতায় পাকিস্তানের গোয়েন্দা সংস্থার Secret Documents-সহ বিভিন্ন প্রামাণ্য তথ্যের আলোকে মহান ভাষা আন্দোলনে বঙ্গবন্ধুর অবদানের উপর নির্ভর করে "বঙ্গবন্ধু ও আমাদের ভাষা আন্দোলন" নামে একটি গ্রন্থ প্রকাশের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। উক্ত উদ্যোগ বাস্তবায়নের লক্ষ্যে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের অধীন সকল সরকারি/বেসরকারি স্কুল, কলেজ ও দপ্তরের আগ্রহী শিক্ষক/কর্মকর্তা/কর্মচারীদের নিকট থেকে লেখা আহবান করা যাচ্ছে। আগামী ২৪ ডিসেম্বর, ২০২০খ্রি. তারিখের মধ্যে নিম্নোক্ত ই-মেইলে সফটকপি এবং প্রদত্ত ঠিকানায় হার্ডকপি পাঠানোর অনুরোধ করা হলো। সফটকপি NikoshBAN ব্যবহার করে MS Word ও PDF ফাইল আকারে পাঠাতে হবে। হার্ডকপিতে লেখকের স্বাক্ষর ও তারিখ দিয়ে অফিস প্রথানের অগ্রায়নসহ পাঠাতে হবে। খামের উপরে 'বঙ্গবন্ধু ও আমাদের ভাষা আন্দোলন' লিখতে হবে। উল্লেখ্য, প্রতিটি লেখা মৌলিক হওয়া আবশ্যিক। লেখায় বাবরুত মতামত ও তথ্য-উপাত্তের দায় লেখকের নিজের। প্রয়োজনীয় ক্ষেত্রে তথ্যসূত্র উল্লেখ করতে হবে।

E-mail : ddspecial.dshe@gmail.com  
হার্ডকপি প্রেরণের ঠিকানা : উপ-পরিচালক (বিশেষ)  
কক্ষ নম্বর: ৫২৬  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর  
শিক্ষা ভবন,  
১৬, আবদুল গণি রোড, ঢাকা-১০০০।

০৫/১২/২০২০

(সৈয়দ মইনুল হাসান)  
উপ-পরিচালক (বিশেষ)

আহবায়ক  
লেখা আহবান ও গ্রন্থ প্রকাশনা উপকমিটি  
ফোন: ০২-৪১০৫০২৮৬।

অধ্যক্ষের কার্যালয়  
রাঙ্গামাটি সরকারি কলেজ  
রাঙ্গামাটি পার্বত্য জেলা

তারিখ: ০৯/১২/২০২০ খ্রি.

### বিজ্ঞপ্তি

#### অবগতি ও কার্যার্থে বিতরণঃ

- ১। উপাধ্যক্ষ, অত্র কলেজ, রাঙ্গামাটি।
- ২। সম্পাদক, শিক্ষক পরিষদ, অত্র কলেজ, রাঙ্গামাটি।
- ৩। বিভাগীয় প্রধান, বাংলা/ইংরেজি/রাষ্ট্রবিজ্ঞান/অর্থনীতি/ইতিহাস/ইসলামের ইতিহাস ও সংস্কৃতি/দর্শন/সমাজবিজ্ঞান/পালি/ব্যবস্থাপনা/হিসাববিজ্ঞান/পদার্থবিজ্ঞান/প্রাণিবিজ্ঞান/উদ্ভিদবিজ্ঞান/গণিত বিভাগ, অত্র কলেজ, রাঙ্গামাটি।
- ৪। সহকারী গ্রন্থাগারিক, অত্র কলেজ, রাঙ্গামাটি।
- ৫। ডাটা এন্ট্রি অপারেটর, অত্র কলেজ, রাঙ্গামাটি। তাকে বিজ্ঞপ্তিটি কলেজের ওয়েবসাইটে আপলোড করার জন্য নির্দেশ দেয়া গেল।
- ৬। সংরক্ষণ নথি।

অধ্যক্ষ

রাঙ্গামাটি সরকারি কলেজ  
রাঙ্গামাটি পার্বত্য জেলা